গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moca.gov.bd)



১৭ অক্টোবর ২০২৬ তারিখ লালন সাঁই-এর তিরোধান দিবস জাতীয়ভাবে পালন উপলক্ষে অনুষ্ঠান আয়োজনের বিষয়ে গঠিত কিউরেশন কমিটির প্রথম সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ইয়াসমিন বেগম
	:	সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	:	২৩ সেপ্টেম্বর ২০২৬; অপরাহ্ন ২.৩০ ঘটিকা
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতেই তিনি উল্লেখ করেন, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে প্রতি বছর ১৭ অক্টোবর 'লালন সাঁই-এর তিরোধান দিবস' 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে পালিত হবে মর্মে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ২ সেপ্টেম্বর ২০২৫ তারিখে পরিপত্র জারি করা হয়েছে। এ বছর দ্বিতীয় বারের মত এই মন্ত্রণালয় কর্তৃক 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে লালন তিরোধান দিবস পালিত হতে যাচ্ছে। এ বিষয়ে গত ১০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে ১৭ অক্টোবর ২০২৬ তারিখ লালন সাঁই-এর তিরোধান দিবস জাতীয়ভাবে পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী এই কিউরেশন কমিটি গঠন করা হয়েছে। অতঃপর সভাপতি সভার কর্যক্রম পরিচালনার জন্য যুগ্মসচিব (অনুষ্ঠান) জনাব মোহাঃ হারুন-অর-রশীদ-কে আহ্বান জানান।

২.০ যুগ্মসচিব (অনুষ্ঠান) জনাব মোহাঃ হারুন-অর-রশীদ সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান গত ১০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কুষ্টিয়ায় ছেঁউড়িয়ায় কেন্দ্রীয়ভাবে ১৭, ১৮ ও ১৯ অক্টোবর ২০২৬ পর্যন্ত তিন দিনব্যাপী অনুষ্ঠানমালা আয়োজিত হবে। এছাড়া, ঢাকাসহ দেশের সকল জেলায় অনুষ্ঠান আয়োজন করা হবে। এর মধ্যে বিভাগীয় জেলাসমূহে বৃহত্তর পরিসরে অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। কিউরেশন কমিটির আজকের সভার কুষ্টিয়ায় আয়োজিতব্য ৩(তিন) দিনব্যাপী মূল অনুষ্ঠান, ঢাকা ও অন্যান্য বিভাগীয় শহরের এবং জেলা পর্যায়ের অনুষ্ঠানের রূপরেখা নির্ধারণ করা হবে। তিনি উপস্থিত সকলকে এ বিষয়ে মতামত প্রদানের অনুরোধ করেন।

৩.০ বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	কর্মসূচি/সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	➢ লালন সাঁই এর তিরোধান দিবস পালন উপলক্ষে কুষ্টিয়ায় ১৭, ১৮ ও ১৯ অক্টোবর ২০২৬ তিন দিনব্যাপী অনুষ্ঠান আয়োজন করা হবে। এছাড়া ১৭ অক্টোবর ২০২৬ তারিখ ঢাকায়, বিভাগীয় জেলাসমূহে বৃহত্তর পরিসরে এবং জেলা পর্যায়ে অনুষ্ঠান আয়োজন করা হবে। ➢ ঢাকায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালা মিলনায়তনে ১৭ অক্টোবর ২০২৬ তারিখ লালন সাঁই এর জীবন ও দর্শনভিত্তিক আলোচনা ও লালনের সংগীতানুষ্ঠান আয়োজিত হবে। উক্ত সংগীতানুষ্ঠানে দেশের বরেণ্য লালন শিল্পীদের পাশাপাশি নবীন প্রজন্মের প্রতিভাবান লালন শিল্পীগণও অংশগ্রহণ করবেন। ➢ জেলা পর্যায়ে লাল সাঁই এর জীবন ও দর্শনভিত্তিক আলোচনা সভা এবং লালনের সংগীতভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে। ➢ ঢাকা ব্যতীত অন্যান্য বিভাগীয় জেলাসমূহে বৃহত্তর পরিসরে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে। ➢ সকলক্ষেত্রে লালন সাঁই এর তিরোধান দিবস উপলক্ষে আয়োজিতব্য অনুষ্ঠানমালায় এলাকার বিশিষ্ট ব্যক্তিবর্গ, শিল্পী সমাজ, লালন বিশেষজ্ঞ/লালন সাধক, গণমাধ্যমকর্মী এবং শিক্ষার্থীদের সম্পৃক্ত করতে হবে।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল) ও জেলা প্রশাসক (সকল)।

ক্রমিক	কর্মসূচি/সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.২	➢ লালন সাঁইয়ের তিরোধান দিবস পালন উপলক্ষে কুষ্টিয়া ও ঢাকায় আয়োজিতব্য অনুষ্ঠান সকল সরকারি-বেসরকারি টিভি চ্যানেল ও বেতারে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। ➢ জেলাসমূহে আয়োজিতব্য অনুষ্ঠান স্থানীয় টিভি চ্যানেলে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। জেলা প্রশাসক (সকল)।
৩.৩	➢ কুষ্টিয়ার ছেউড়িয়ায় লালন সাঁই-এর আখড়াবাড়ির পরিবেশ পরিচ্ছন্ন, সুন্দর ও সুশৃঙ্খল রাখতে হবে। ➢ সাধু সমাবেশ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ৩(তিন) দিনব্যাপী মেলা আয়োজনের বিষয়ে সমন্বিত পরিকল্পনা করতে হবে। ➢ সাংস্কৃতিক অনুষ্ঠান ও মেলা আয়োজনের ফলে মূল অনুষ্ঠানের ভাবগাম্ভীর্য যাতে নষ্ট না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৩.৪	➢ লালন সাঁইয়ের তিরোধান দিবস পালন উপলক্ষ্যে জেলা প্রশাসক, কুষ্টিয়া সংশ্লিষ্টদের সঙ্গে অনুষ্ঠিতব্য সভায় বিভিন্ন বিষয় নির্ধারণ করবেন এবং কুষ্টিয়ার আখড়াবাড়িতে সমবেত হওয়া দেশি-বিদেশি সাধু ও ভক্ত-সাধুদের আপ্যায়নের ব্যবস্থা করবেন। ➢ জেলা প্রশাসক, কুষ্টিয়া পুলিশ সুপারের সঙ্গে সমন্বয় করে কুষ্টিয়ায় আখড়াবাড়িতে সমবেত হওয়া দেশি-বিদেশি সাধু ও ভক্ত-সাধুদের সার্বিক নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করবেন।	জেলা প্রশাসক, কুষ্টিয়া ও পুলিশ সুপার, কুষ্টিয়া।
৩.৫	➢ আন্তর্জাতিক পরিমণ্ডলে লালনকে পরিচিত করার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় লালনের জীবন, দর্শন ও সৃষ্টিকর্ম নিয়ে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে লালন সাঁই এর তিরোধান দিবস পালন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা আয়োজন করবে। এ লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয়।
৩.৬	➢ সভায় সর্বসম্মতিক্রমে জনাব সাইদুর রহমান (সাঈদ সোরহাব), সহ-সাংস্কৃতিক সম্পাদক বিএনপি, জাতীয় নির্বাহী কমিটি-কে এ কমিটিতে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

৪.০ সভাপতি ১৭ অক্টোবর ২০২৬ তারিখ লালন সাঁই-এর তিরোধান দিবস ভাবগাম্ভীর্যের সাথে জাতীয়ভাবে পালন উপলক্ষে অনুষ্ঠান আয়োজনের বিষয়ে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন এবং আর কোনো আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৪/১০/২০২৬
ইয়াসমিন বেগম
সচিব

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৫০.২৬ - ৯৮২

তারিখ: ২১ আশ্বিন ১৪৩৩ / ০৭ অক্টোবর ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার (সকল)।
৫. ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৮. যুগ্মসচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. জেলা প্রশাসন (সকল)।
১০. জেলা প্রশাসক, কুষ্টিয়া।

১১. অতিরিক্ত জেলা প্রশাসক, কুষ্টিয়া।
১২. পুলিশ সুপার, কুষ্টিয়া।
১৩. সাংস্কৃতিক সম্পাদক, বাংলাদেশ জাতীয়তাবাদী দল, বাসা-২৫, ব্লক-কে, রোড- ২০, বনানী, ঢাকা।
১৪. সভাপতি, জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস), ২৮/১ নয়া পল্টন, ঢাকা।
১৫. সাধারণ সম্পাদক, জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস), ২৮/১ নয়া পল্টন, ঢাকা।
১৬. জনাব টুনটুন বাউল, বিশিষ্ট বাউল শিল্পী।
১৭. জনাব অরূপ রাহী, বিশিষ্ট লালন সংগীত শিল্পী।
১৮. মিজ্ নিগার সুলতানা সুমি, বিশিষ্ট সংগীত শিল্পী।
১৯. মিজ্ দেবরা জান্নাত, বিশিষ্ট বাউল সাধক ও গবেষক।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশসচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি।

৭/১০/২০২১

মৌসুমী সরকার রাখী
উপসচিব (অনুষ্ঠান)
৫৫১০১১৬৫
event.section@moca.gov.bd